



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা,
ব্রাহ্মণবাড়িয়া

...

সভাপতি	মাসুদ উল আলম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৭/০৬/২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ১২:১৫ ঘটিকা
স্থান	উপজেলা অডিটোরিয়াম
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা আইসিটি বিস্তার ও উন্নয়ন সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানে ওয়েব পোর্টাল পরিচালনা সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাবসম্মুখে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

পরিদর্শন সংক্রান্ত:

ক্রমিক নং	পরিদর্শনের নাম	উপজেলা নির্বাহী অফিসার
০১	ইউডিসি পরিদর্শন/দর্শন	০১ টি
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন	০১ টি
০৩	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন	০২ টি

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জাতীয় তথ্য বাতায়ন সম্পর্কিত	সাধারণ জনগন তথা অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে সরকারী দপ্তর / প্রতিষ্ঠানের তথ্য বাতায়নের যথাযথ ব্যবহারকরণ জনগুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যক হওয়ায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	স্ব স্ব দপ্তর/ প্রতিষ্ঠান জরুরী খবর বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী সকল ধরনের সেবা/প্রেক্ষণের বিস্তারিত তথ্য ও সকল কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধিদের তথ্য স্ব স্ব দপ্তর বাতায়নে সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ এবং প্রয়োজনে সহকারী প্রোগ্রামারের থেকে কারিগরি সহায়তা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলাস্থ সকল সরকারী দপ্তর প্রধানগণ, সকল ইউপি চেয়ারম্যানগণ এবং সহকারী প্রোগ্রামার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

০২	ই-নথি সিস্টেম বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান	সচিবালয়ের নির্দেশমালা ২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নে সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেকট্রিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এমতাবস্থায়, ই-নথি সিস্টেমে লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তরসমূহে কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, ইউ আই টি আর সি ই, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিসসমূহে ক্রমান্বয়ে পুরোপুরি ই-নথি সিস্টেম কম্পিউটার ও মোবাইল অ্যাপের মাধ্যমে পত্র গ্রহণ, পত্র জারীকরণ এবং সহকারী প্রোগ্রামারের নিকট কারিগরি সহায়তা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলাস্থ সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ এবং সহকারী প্রোগ্রামার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
০৩	বিবিধ	০৫.১/ একসেবায় ইউডিসি আয়ের তথ্য আপলোড তথ্য বাতায়নে সকল তথ্য বাংলা ও ইংরেজিতে হালনাগাদসহ অন্যান্য অনলাইন ভিত্তিক কার্যক্রমের উপর আলোচনা করা হয়।	আলোচনার বিষয়াদির ব্যাপারে উদ্যোগ নিতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার, উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

অতপর আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মাসুদ উল আলম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪২.১২০২.০০০.০৬.০১০.২২.৬০

তারিখ: ২ শ্রাবণ ১৪২৯

১৭ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ৩) জেলাপ্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া



মাসুদ উল আলম
উপজেলা নির্বাহী অফিসার